

সংবাদ বিজ্ঞপ্তি

তারিখ: ৩১/০৭/২০১৯ খ্রিষ্টাব্দ

‘দেশ গঠনে বঙ্গবন্ধু’ বিষয়ক সেমিনার ও বঙ্গবন্ধু বিষয়ক বিশেষ প্রদর্শনীর উদ্বোধনী অনুষ্ঠান আয়োজন

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৪তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০১৯ পালন উপলক্ষ্যে বাংলাদেশ জাতীয় জাদুঘর ‘দেশ গঠনে বঙ্গবন্ধু’ বিষয়ক সেমিনার এবং জাদুঘরে সংগৃহীত বঙ্গবন্ধুর স্মৃতি নিদর্শন নিয়ে মাসব্যাপী বিশেষ প্রদর্শনীর আয়োজন করেছে। আগামী ৩ আগস্ট ২০১৯, শনিবার বিকাল ৩টায় বাংলাদেশ জাতীয় জাদুঘরের নলিনীকান্ত ভট্টশালী প্রদর্শনী গ্যালারিতে আয়োজিত সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করবেন বিশিষ্ট গবেষক ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক ড. সৌমিত্র শেখর। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব কে এম খালিদ, এমপি প্রধান অতিথি হিসেবে সেমিনারে উপস্থিত থাকবেন এবং বিশেষ প্রদর্শনীর উদ্বোধন করবেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব ড. মো. আবু হেনা মোস্তফা কামাল, এনডিসি। সভাপতিত্ব করবেন বাংলাদেশ জাতীয় জাদুঘর বোর্ড অব ট্রাস্টিজের সভাপতি শিল্পী হাশেম খান।

সেমিনারের সংবাদ গ্রহণের জন্য আপনার বহুল প্রচারিত গণমাধ্যমের প্রতিনিধি প্রেরণ করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

ড. শিহাব শাহরিয়ার
কীপার, জনশিক্ষা বিভাগ
বাংলাদেশে জাতীয় জাদুঘর

বার্তা সম্পাদক/বার্তা পরিচালক

ঢাকা